দৈনিক বাংলা

তারিখ ... 4.12.79 ...
পৃষ্ঠা ... 12 কলাম ... 7 ...

78

# ইসলামী ভার্সিটিতে কারিগরী শিক্ষা দেয়া হবে : শাহ

শর্ষিনা (বরিশাল), ৩রা ডিসেম্বর (বাসস)।— প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান আজ এখানে আলিয়া মাদ্রাসা প্রাঙ্গণে এক বিরাট জনসভায় ভাষণ দানকালে পবিত্র কোরানের আয়াত থেকে গণতন্ত্র ও বহুদলীয় ব্যবস্থার যৌক্তিকতা তুলে ধরেন। তিনি বলেন, কোরানে রাজনৈতিক ও সামাজিক আইন এবং গতিশীল অর্থনৈতিক ব্যবস্থার নির্দেশ রয়েছে।

শর্ষিনার পরলোকগত পীরের বার্ষিক ইসালে সওয়াব উপলক্ষে আয়োজিত এই সভায় শাহ আজিজ বলেন, ইসলামী জ্ঞান ও অপরাপর সকল নীতিমালার উৎস হচ্ছে কোরান।

অতীতে বিজ্ঞান ও প্রযুক্তিতে মুসলমানদের গৌরবোজ্জ্বল অবদানের কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, মাদ্রাসা শিক্ষার সঙ্গে আধুনিক বৈজ্ঞানিক শিক্ষার সংমিশ্রণ ঘটাতে হবে। এ প্রসঙ্গে শর্ষিনার আলিয়া মাদ্রাসায় একটি বিজ্ঞান একাডেমী স্থাপনের তিনি প্রশংসা করেন।

তিনি বলেন, যশোর-কুষ্টিয়ার ইসলামী বিশ্ববিদ্যালয় একটি আধুনিক বিশ্ববিদ্যালয় হবে। এবং এতে বিজ্ঞান, কারিগরি ও কৃষি বিষয়ে শিক্ষা দেয়া হবে। তবে ধর্মীয় শিক্ষা এতে বাধ্যতামূলক থাকবে।

বাংলাদেশের শক্তি ও সংহতি জোরদার করা এবং প্রেসিডেন্ট জিয়াউর রহমানের দীর্ঘায়ুর জন্য মোনাজাতের মাধ্যমে তিনদিনব্যাপী ঐ অনুষ্ঠান আজ শেষ হয়।